দৈনিক বাংলা

তারিখ ... 05 APR 1986 ...
পৃষ্ঠা ... ... ... ... কলাম ৭ ... ...

009

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# শান্তিপূর্ণ ভাবে বাকসু নির্বাচন সম্পন্ন

(নিজস্ব সংবাদদাতা)

কৃষি বিশ্ববিদ্যালয়, ৪ঠা এপ্রিল।—শান্তিপূর্ণ পরিবেশে ও কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা আজ বাকসু ও ৯টি হল সংসদে তাদের প্রতিনিধি মনোনয়নের জন্য ভোট দিয়েছেন। বিকাল ৩ ঘটিকা থেকে বিশ্ববিদ্যালয় জিমন্যাসিয়ামে কড়া পুলিশ প্রহরায় ভোট গণনা শুরু হয়। রাতে এ রিপোর্ট লেখা পর্যন্ত কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। ভোট গণনা চলছে।

কৃষি বিশ্ববিদ্যালয়ের ৩ হাজার ৮শ ৪ জন ভোটারের মধ্যে ২ হাজার ৭শ ৭৫ জন ভোট দিয়েছেন। প্রদত্ত ভোটের হার শতকরা ৭৩ ভাগ। এবার নির্বাচনে সুল-

৩-এর পৃঃ দঃ



বাকসু নির্বাচনে ভোট প্রদান —দৈনিক বাংলা

## নির্বাচন সম্পন্ন

(প্রথম পৃঃ পর)

তানা রাজিয়া হলে সবচেয়ে বেশি ভোট পড়েছে, শতকরা ৮৪ ভাগ। সবচেয়ে কম ভোট পড়েছে শাহজালাল হলে শতকরা ৫৭ ভাগ।

গোলযোগের আশংকায় এবং আসন্ন রমজানের ছুটির প্রেক্ষিতে অনেক ছাত্রছাত্রী ভোট দেয়ার পর পরই হল ত্যাগ করেছেন।